



# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং-জাতী: বি./ছি-৬(৩৯)/২০২৪/৪৬৭

তারিখ: ১২/০১/২০২৫

## পরীক্ষার পারিতোষিক বিলের টাকা পরিশোধের নিমিত্তে ব্যাংক হিসাব নম্বর হালনাগাদকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের আর্থিক সংবিধি (সংশোধিত সংবিধি-২) এর ধারা ৭.২০ মোতাবেক পরীক্ষা পারিতোষিক বিল SonaliSheba সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে ব্যক্তিগত/পরীক্ষকের স্ব স্ব ব্যাংক হিসাবে পরিশোধের ব্যবস্থা রয়েছে। সে মোতাবেক মাস্টার্স ফাইনাল পরীক্ষা-২০২১, ডিগ্রী পাস-২য় বর্ষ পরীক্ষা-২০২২, অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২সহ অন্যান্য পরীক্ষার (তালিকা সংযুক্ত) পারিতোষিক বিলের টাকা সোনালী সেবার মাধ্যমে অনলাইনে পরিশোধের লক্ষ্যে ব্যাংকে প্রেরণ করা হয়। প্রেরিত বিলের তালিকায় যেসকল প্রাপকের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য সঠিক ও যথাযথ রয়েছে তাঁদের বিলের টাকা অনলাইনে পরিশোধ করা সম্ভব হয়েছে কিন্তু যেসকল প্রাপকের ব্যাংক হিসাব ভুল থাকা/ ডরমেন্ট/ ইনঅপারেটিভ/অনলাইন-এর অনুমতি না থাকারসহ অন্যান্য তথ্য ঘাটতি রয়েছে তাঁদের বিলের টাকা সোনালী সেবার মাধ্যমে অনলাইনে পরিশোধ করা সম্ভব না হওয়ায় বিলের টাকা ব্যাংক হতে বিশ্ববিদ্যালয়ে ফেরত এসেছে। ফেরত আসা বিলের টাকা পুনরায় অনলাইনে প্রেরণের জন্য তালিকাভুক্ত সকলের ব্যাংক হিসাব সংক্রান্ত নিম্নের ছকে উল্লিখিত তথ্য (ইংরেজিতে) প্রয়োজন:

SL	Information	SL	Information
1	TMIS Number	5	Bank Branch Name
2	Sonali Bank Account of his/her own	6	Bank Branch Code
3	Bank Account with 13 digits	7	Bank Routing Number
4	e-mail address & College address	8	Picture/e-copy of the front page of Cheque book

উক্ত ছকের তথ্যাবলী সংযুক্ত নমুনা ছকে স্ব-স্ব কলেজের অধ্যক্ষ মহোদয়ের সুপারিশসহ নিজ কলেজের ই-মেইল দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের [pams@nu.ac.bd](mailto:pams@nu.ac.bd) ই-মেইল-এ ৩০.০১.২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, সোনালী ব্যাংক হিসাব অবশ্যই নিজের নামে হতে হবে এবং হিসাব নম্বরটি সচল থাকতে হবে। উক্ত তথ্য পাওয়ার পর প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তালিকায় উল্লিখিত বিল স্ব স্ব ব্যাংক হিসাব নম্বরেই অনলাইন-এ প্রেরণ করা হবে। আরো উল্লেখ্য যে, পদোন্নতি, বদলী বা কোন কারণে কলেজের ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত পদবী ও কলেজের সম্পূর্ণ ঠিকানা যথানিয়মে উক্ত ই-মেইল-এ প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(আলাউদ্দিন আহম্মেদ)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
অর্থ ও হিসাব দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়